

৩৮৬
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

লাহোর
১৫ই নভেম্বর, ১৮৯৭

অভিনন্দনদেয়,

বোধ হয় তোমার ও হরীর শরীর এক্ষণে বেশ আছে। লাহোরে খুব ধূম-ধামের সহিত কার্য হইয়া গেল। এক্ষণে দেরাদুনে চলিলাম। সিন্ধুযাত্রা স্থগিত রহিল। দীনু, লাটু ও কৃষ্ণলাল জয়পুরে পৌঁছিয়াছে কিনা, এখনও কোন সংবাদ নাই। এখান হইতে মঠের খরচের জন্য বাবু নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় চাঁদা আদায় করিয়া পাঠাইবেন। রীতিমত receipt (রসিদ) তাঁহাকে দিও। মরী, রাওলপিন্ডি ও শিয়ালকোট হইতে কিছু পাইয়াছ কিনা লিখিবে।

এই পত্রের জবাব C/o Post Master, Dehra Dun লিখিও। অন্য চিঠি আমি দেরাদুন হইতে পত্র লিখিলে পর পাঠাইবে। আমার শরীর বেশ আছে। তবে রাতে দু-একবার উঠিতে হয়। নিদ্রা উত্তম হইতেছে। খুব লেকচার করিলেও নিদ্রার ব্যাঘাত হয় না, আর exercise (ব্যায়াম) রোজ আছে। ভাত তো আজ ৩ মাস রোজ খাই, কিন্তু কোন গোল নাই। এইবার উঠে-পড়ে লাগ। সেই বড় জায়গাটার উপর চুপিসাড়ে চোখ রাখ। এবার মহোৎসব^১ যাতে সেথায় হয়, তার বিধিমত চেষ্টা করা যাচ্ছে। সকলকে আমার ভালবাসা। ইতি

বিবেকানন্দ

পুঃ -- মাস্টারমহাশয় যদি আমাদের work (কাজকর্ম) সম্বন্ধে মাঝে মাঝে 'ট্রিবিউন'-এ লেখেন তো বড়ই ভাল হয়। তাহলে লাহোরটা আর জুড়ায় না। এখন তো খুব তেতেছে। টাকা-কড়ি একটু হিসাব করে খরচ করো; তীর্থযাত্রাটা নিজের উপর, প্রচারাদি মঠের ভার।

^১ শ্রীরামকৃষ্ণ-জন্মোৎসব